৩ হাজার ব্যাগ সিমেন্টসহ ব্রীজের নীচে আটকে গেছে কার্গো

বাগেরহাটের মোরেলগঞ্জে কিং ব্রান্ড সিমেস্টের ৩ হাজার ব্যাগ সিমেন্টসহ একটি কার্গো আটকে গেছে। আজ শুক্রবার বেলা ১০টার দিকে ‘এমিবি আব্দুল্লাহ আল রাফি’ নামের কার্গোটি নিয়ন্ত্রণ হারিয়ে আটকে যায়।
কার্গোটি উদ্ধারের জন্য ফায়ার সার্ভিস, থানা পুলিশ ও স্থানীয়রা কাজ করছেন। কার্গো আব্দুল্লাহ আল রাফি মোংলা থেকে বরিশালে যাবার পথে মোরেলগঞ্জে ৫ শ’ ব্যাগ সিমেন্ট নামিয়ে ফেরার সময় এ দুর্ঘটনা ঘটে।
এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. কামরুজ্জামান বলেন, কার্গোটি যাতে ডুবতে না পারে সে লক্ষে ফায়ার সার্ভিস কাজ করছে। এটি উদ্ধারের পরে ব্রীজ ও কার্গোটির ক্ষয়ক্ষতি নিরুপণ করা যাবে।